

## পদ্মা সেতু

চাঁদ উঠেছে মেলা বসেছে  
জাজিয়া মাওয়ার ধারে,  
যার প্রেরণায় এমন মেলা  
প্রণাম করি তারে।  
পিতা দিলো স্বাধীন ভূমি  
কন্যার উন্নয়ন,  
পিতা-কন্যা দুজনাই  
দেশ-দেশের নয়ন।  
শ্যামল বিমল সোনার দেশে  
কোমল ছয়টি ঋতু,  
এরই মাঝে দৃশ্য হলো, ওয়াও !  
স্বপ্নের পদ্মাসেতু।  
কল্পলোকের পদ্মাসেতু  
মর্ত্যে আবির্ভাব,  
বিশ্বে সেতুর পড়ছে প্রভাব  
দূর হবে অভাব।  
আসুন আসুন দেশের তরে  
ছেড়ে অজুহাত,  
একাত্তরের ঐক্য-অটুট  
আনবে সুপ্রভাত।